

(১০) স্বয়ম্ভরতা অর্জন করা;

(১১) কার্যকর পল্লি সংগঠন সৃষ্টি করা;

(১২) পল্লি উন্নয়নে নেতৃত্বের বিকাশ।

### ৩। পুরস্কারের শ্রেণিবিভাগ

(১) পল্লি উন্নয়নে সফল উদ্যোগ;

(২) পল্লি সংগঠনভিত্তিক ক্ষুদ্র ঋণের সফল ব্যবহার;

(৩) পল্লি উন্নয়নে নবায়নযোগ্য শক্তির ব্যবহার, বর্জ্য ব্যবস্থাপনা এবং পরিবেশ সুরক্ষায় অবদান;

(৪) দক্ষ মানব সম্পদ সৃষ্টি ও ব্যবহার;

(৫) স্থানীয়ভাবে খাদ্য প্রক্রিয়াজাতকরণ ও বাজারজাতকরণ;

(৬) সংগঠনভিত্তিক মাইক্রো সেভিংস এর অনুশীলন বৃদ্ধিকরণ ও পুঁজি গঠন;

(৭) নারী উন্নয়নে যথাযথ উদ্যোগ গ্রহণ (শুধুমাত্র নারী উদ্যোক্তাদের জন্য);

(৮) পল্লি উন্নয়ন ও প্রায়োগিক গবেষণায় বিশেষ অবদান;

(৯) কর্মকর্তা/কর্মচারী কর্তৃক ব্যতিক্রমধর্মী, উল্লেখযোগ্য ও অনুসরণীয় দৃষ্টান্ত স্থাপন;

(১০) পল্লি উন্নয়নে সফল নেতৃত্ব।

### ৪। পুরস্কারের ধরন ও প্রকৃতি

২২ ক্যারেটের ১০ গ্রাম ওজনের স্বর্ণপদকসহ একটি সম্মানপত্র। পুরস্কারের সংখ্যা অনধিক ১০টি।

### ৫। জাতীয় পল্লি উন্নয়ন পদক বিতরণ অনুষ্ঠান

৫.১ স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের দায়িত্বপ্রাপ্ত মাননীয় মন্ত্রী/ প্রথমমন্ত্রী জাতীয় পল্লি উন্নয়ন পদক বিতরণ অনুষ্ঠানের সভাপতিত্ব করবেন;

৫.২ সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ জাতীয় পল্লি উন্নয়ন পদক বিতরণ অনুষ্ঠান পরিচালনা করবেন;

৫.৩ পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় এবং বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড যৌথভাবে জাতীয় পল্লি উন্নয়ন পদক বিতরণ অনুষ্ঠান আয়োজনে যাবতীয় দায়িত্ব পালন করবে।

৫.৪ জাতীয় পল্লি উন্নয়ন ও সমবায় দিবস কিংবা অন্য কোন সুবিধাজনক সময়ে এ পুরস্কার প্রদান করা হবে।

### ৬। বাছাই পদ্ধতি

(১) নীতিমালার সংযুক্ত ছক ও পুরস্কারের শ্রেণিভিত্তিক মনোনয়নের মানদণ্ড অনুযায়ী নম্বর প্রদানপূর্বক প্রার্থী বাছাই করা হবে।

(২) উপজেলা কমিটি মানদণ্ডের আলোকে সর্বমোট ১০০ এর মধ্যে নম্বর প্রদান করে প্রতি শ্রেণি হতে ১(এক)টি করে ১০(দশ)টি শ্রেণিতে সর্বোচ্চ ১০(দশ) ব্যক্তি/ প্রতিষ্ঠান/ সমিতি/ সংগঠনকে মনোনীত করে জেলা কমিটির নিকট প্রেরণ করবে। মোট ১০০ নম্বরের বাছাই প্রক্রিয়ায় কমপক্ষে ৬০ নম্বর না পেলে কোন ব্যক্তি/ প্রতিষ্ঠান/ সমিতি/ সংগঠনকে পুরস্কারের জন্য মনোনীত করা যাবে না। পদকের জন্য মনোনীতদের সাইটেশন/ডকুমেন্টারী/ভিডিও ক্লিপ আবশ্যিকভাবে প্রেরণ করতে হবে।

(৩) জেলা কমিটি, উপজেলা কমিটি থেকে প্রাপ্ত মনোনয়ন পরবর্তী ১৫ কর্মদিবসের মধ্যে মানদণ্ডের আলোকে সর্বমোট ১০০ এর মধ্যে নম্বর প্রদানপূর্বক প্রতি শ্রেণি হতে অনধিক ২(দুই)টি করে ১০(দশ)টি শ্রেণিতে সর্বোচ্চ ২০(বিশ) ব্যক্তি/ প্রতিষ্ঠান/ সমিতি/ সংগঠনকে মনোনীত করে বিভাগীয় কমিটির নিকট প্রেরণ করবে। মোট ১০০ নম্বরের বাছাই প্রক্রিয়ায় কমপক্ষে ৬০ নম্বর না পেলে কোন ব্যক্তি/ প্রতিষ্ঠান/ সমিতি/ সংগঠনকে পুরস্কারের জন্য মনোনীত করা যাবে না।

(৪) বিভাগীয় কমিটি জেলা কমিটি থেকে মনোনয়ন প্রাপ্তির ১৫ কর্মদিবসের মধ্যে মানদণ্ডের আলোকে উপযুক্ত বিবেচনায় প্রতিটি শ্রেণি হতে অনধিক ৩(তিন)টি করে ১০(দশ)টি শ্রেণিতে সর্বোচ্চ ৩০(ত্রিশ) ব্যক্তি/ প্রতিষ্ঠান/ সমিতি/ সংগঠনকে মনোনীত করে জাতীয় কমিটিতে প্রেরণ করবে।

(৫) বিভাগীয় কমিটি থেকে মনোনয়ন প্রাপ্তির পর জাতীয় কমিটি সার্বিক অবদান বিবেচনা করে জাতীয় পর্যায়ে সংশ্লিষ্ট ক্ষেত্রে শ্রেষ্ঠ অবস্থান চূড়ান্তভাবে নির্বাচন করবে।

(৬) জাতীয় পর্যায়ে পদক প্রাপ্ত শ্রেষ্ঠ ব্যক্তি/ প্রতিষ্ঠান একবারই পদকের জন্য মনোনীত হবেন।

(৭) দায়িত্ব বিমোচন তথা পল্লি উন্নয়নে শ্রমণীয় অবদান রাখার জন্য বাংলাদেশে কর্মরত কোন বিদেশী ব্যক্তি বা প্রতিষ্ঠানকে সরকারের অনুমতি নিয়ে এই পদক প্রদান করা যেতে পারে।

(৮) জাতীয় কমিটি অধিকতর তথ্য ও অনুসন্ধানের ভিত্তিতে বিশেষ বিবেচনায় উপযুক্ত ব্যক্তি/ প্রতিষ্ঠানকে যে কোন ক্ষেত্রে পদক প্রদানের জন্য চূড়ান্তভাবে মনোনীত করতে পারবে।